**গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার**
**তথ্য অধিদফতর**
**বাংলাদেশ সচিবালয়**
**ঢাকা**

**সংবাদ গতিধারা**

জাতীয় দৈনিকসমূহে প্রকাশিত সম্পাদকীয়'র সারসংক্ষেপ, গুরুত্বপূর্ণ নিবন্ধ ও ফিচারের সংক্ষিপ্তসার

**সংখ্যা : ৪৮/২০১৭**

**ঢাকা, মঙ্গলবার ৭ মার্চ ২০১৭, ২৩ ফাল্গুন ১৪২৩**

আজকের দৈনিক পত্রিকাগুলো নিম্নলিখিত বিষয়গুলোকে প্রাধান্য দিয়ে খবর ছেপেছে :

১। আইওআরএ সম্মেলনে যোগ দিতে প্রধানমন্ত্রী জাকার্তা পৌঁছেছেন

২। বিজিএইএ ভবন নির্মাণে উত্তরায় জমি খোজা হচ্ছে : বাণিজ্যমন্ত্রী

৩। জঙ্গি অর্থায়ন বন্ধে এনজিও কার্যক্রম কঠোর পর্যবেক্ষণে : কৃষিমন্ত্রী

৪। কোনো বিদেশি বিনিয়োগকারী ১০ লাখ মার্কিন ডলার বিনিয়োগ করলে নাগরিকত্ব পাবে : কৃষিমন্ত্রী

৫। খাদ্যবান্ধব কর্মসূচির ৫০ লাখ উপকারভোগীর তালিকা প্রকাশ

৬। জাতিসংঘ মানবাধিকার কমিশনে শুনানি শুরু : আইনমন্ত্রীর যোগদান

৭। হাজারীবাগের সব ট্যানারি বন্ধের নির্দেশ : বিচ্ছিন্ন করা হবে গ্যাস, বিদ্যুৎ সংযোগ

৮। বালুর মূল্য প্রতি ঘনফুট ১ টাকা : সিঙ্গাপুর ও মালদ্বীপে রপ্তানি

৯। বস্ত্র খাতে বাংলাদেশের অভিজ্ঞতা পেতে চায় কেনিয়া

১০। মোবাইল ব্যাংকিং সেবার চার্জ কমাতে হবে : বাংলাদেশ ব্যাংক পরিচালক

১১। টাইগারদের আজ লঙ্কা মিশন শুরু

চলমান পাতা-২

১। **আইওআরএ সম্মেলনে যোগ দিতে প্রধানমন্ত্রী জাকার্তা পৌঁছেছেন**

প্রধানমন্ত্রী শেখ হাসিনা ইন্ডিয়ান ওসান রিম অ্যাসোসিয়েশন (আইওআরএ) নেতৃবৃন্দের শীর্ষ সম্মেলনে যোগ দিতে তিন দিনের সরকারি সফরে জাকার্তা গেছেন। প্রধানমন্ত্রী গতকাল ৬ মার্চ সোমবার জাকার্তার হালিম পাদনা কুসুমা আন্তর্জাতিক বিমানবন্দরে পৌঁছালে ইন্দোনেশিয়ার মহিলা ক্ষমতায়ন ও চিলড্রেন প্রোটেকশন মন্ত্রী ইউহানা সুসানা ইয়েমবাইস ও জাকার্তায় নিযুক্ত বাংলাদেশের রাষ্ট্রদূত মেজর জেনারেল আজম কবির বিমানবন্দর প্রধানমন্ত্রীকে অভ্যর্থনা জানান। সূত্র-**ইত্তেফাক** (পৃ.১,ক.৬), **ভোরের কাগজ** (শেষ পৃ.,ক.১), **জনকণ্ঠ** (পৃ.১,ক.১)।
**সংবাদ, ইত্তেফাক, প্রথম আলো, ইন্ডিপেনডেন্ট, নিউজ টুডে, ডেইলি স্টার, নিউএজ**সহ অধিকাংশ পত্রিকা এ বিষয়ে ছবিসহ খবর ছেপেছে।

২। **বিজিএইএ ভবন নির্মাণে উত্তরায় জমি খোজা হচ্ছে : বাণিজ্যমন্ত্রী**

দেশের তৈরি পোশাক খাতের ব্যবসায়ীদের সংগঠন বিজিএমইএ অফিস বিজিএমইএ ভবনের বিষয়ে সর্বোচ্চ আদালতের রায় অনুযায়ী সকল কাজ সম্পাদন করা হবে বলে জানিয়েছেন বাণিজ্যমন্ত্রী তোফায়েল আহমেদ। তিনি বলেন, বিজিএইএ ভবন নির্মাণের জন্য ঢাকার উত্তরায় উপযুক্ত জমি নির্বাচনের চেষ্টা করা হচ্ছে। গতকাল ৬ মার্চ সোমবার সচিবালয়ে বাংলাদেশে নিযুক্ত কাতারের রাষ্ট্রদূত আহমেদ মোহাম্মদ আল দিহাইমী'র সঙ্গে মতবিনিময় শেষে তিনি এসব কথা বলেন। সূত্র-**ইত্তেফাক** (শেষ পৃ.,ক.৫), **সংবাদ** (শেষ পৃ.,ক.৫), **জনকণ্ঠ** (শেষ পৃ.,ক.৫)।

৩। **জঙ্গি অর্থায়ন বন্ধে এনজিও কার্যক্রম কঠোর পর্যবেক্ষণে : কৃষিমন্ত্রী**

সংসদ কার্যে প্রধানমন্ত্রীর কার্যালয়ের দায়িত্বপ্রাপ্ত কৃষিমন্ত্রী বেগম মতিয়া চৌধুরী সংসকে জানিয়েছেন, জঙ্গি অর্থায়নের বিরুদ্ধে সরকার কঠোর অবস্থানে রয়েছে। এজন্য এনজিগুলোর কার্যক্রম সরকার কঠোরভাবে পর্যবেক্ষণ করছে। গতকাল ৬ মার্চ সোমবার সংসদে টেবিলে উত্থাপিত প্রশ্নোত্তরে এক প্রশ্নের জবাবে তিনি এসব কথা বলেন। মন্ত্রী জানান, যে কোনো ধরনের জঙ্গি অর্থায়নের বিরুদ্ধে সরকার কঠোর অবস্থানে রয়েছে। সূত্র- **ইত্তেফাক** (পৃ.১৯,ক.২), **সংবাদ** (শেষ পৃ.,ক.৪)।

৪। **কোনো বিদেশি বিনিয়োগকারী ১০ লাখ মার্কিন ডলার বিনিয়োগ করলে নাগরিকত্ব পাবে : কৃষিমন্ত্রী**

সরকারি দলের সংসদ সদস্য আ ফ ম বাহাউদ্দিন নাছিমের এক প্রশ্নের জবাবে বেগম মতিয়া চৌধুরী জানান, বেসরকারি খাতে দেশি বিদেশি বিনিয়োগকে আকৃষ্ট ও বিনিয়োগ সেবাকে বিশ্বমান করার লক্ষ্যে সম্পূর্ণ অটোমেটেড ও কার্যকর ওয়ানস্টপ সার্ভিস দিতে আইন প্রণয়ন করা হচ্ছে। প্রাইভেট ইনভেস্টমেন্ট (প্রমোশন অ্যান্ড প্রটেকশন) অ্যাক্ট-১৯৮০'র মাধ্যমে দেশি ও বিদেশি বিনিয়োগকারীদের বিনিয়োগের নিরাপত্তাসহ বিনিয়োগকারীদের প্রতি সম-আচরণের ব্যবস্থা করা হয়েছে। কোনো বিদেশি বিনিয়োগকারী ১০ লাখ মার্কিন ডলার বিনিয়োগ করলে তিনি বাংলাদেশের নাগরিত্ব পাওয়ার জন্য বিবেচিত হবেন। সূত্র-**ইত্তেফাক** (পৃ.১৯,ক.২), **জনকণ্ঠ** (পৃ.১,ক.৫)।

৫। **খাদ্যবান্ধব কর্মসূচির ৫০ লাখ উপকারভোগীর তালিকা প্রকাশ**

পল্লী অঞ্চলের দরিদ্র জনগণকে স্বল্পমূল্যে খাদ্য সহায়তা দেয়া ও পুষ্টি নিশ্চিত করতে সরকারি বিতরণ ব্যবস্থায় খাদ্যবান্ধব কর্মসূচিতে অন্তর্ভুক্ত উপকারভোগীর তালিকা ওয়েবসাইটে প্রকাশ করেছে সরকার। কর্মসূচির আওতায় ইউনিয়ন পর্যায়ে প্রায় ৫০ লাখ হতদরিদ্রের তালিকা এখন থেকে খাদ্য অধিদপ্তরের ওয়েবসাইটে পাওয়া যাবে। কৃষিমন্ত্রী মতিয়া চৌধুরী এবং খাদ্যমন্ত্রী কামরুল ইসলাম গতকাল ৬ ফেব্রুয়ারি সোমবার খাদ্য অধিদপ্তরের সম্মেলন কক্ষে এ তালিকা প্রকাশ করেন। সূত্র-**যায়যায়দিন** (শেষ পৃ.,ক.২)।

৬। **জাতিসংঘ মানবাধিকার কমিশনে শুনানি শুরু : আইনমন্ত্রীর যোগদান**

জাতিসংঘ মানবাধিকার কমিশনের বাংলাদেশসহ সদস্য রাষ্ট্রগুলোর রাজনৈতিক পরিস্থিতি এবং নাগরিক অধিকার চর্চা নিয়ে শুনানি গতকাল ৬ মার্চ সোমবার জেনেভায় শুরু হয়েছে। আইনমন্ত্রী আনিসুল হকের নেতৃত্বে ১৬ সদস্যের প্রতিনিধি দল মানবাধিকার কমিশনের পর্যালোচনা বৈঠক ও শুনানিতে বাংলাদেশের পক্ষে অংশ নেন। সূত্র-**ইত্তেফাক** (পৃ.১৫,ক.৬)।

৭। **হাজারীবাগের সব ট্যানারি বন্ধের নির্দেশ : বিচ্ছিন্ন করা হবে গ্যাস বিদ্যুৎ সংযোগ**

হাজারীবাগে থাকা সব ট্যানারি অবিলম্বে বন্ধ এবং কারখানাগুলোর গ্যাস, বিদ্যুৎ ও পানির সংযোগ বিচ্ছিন্ন করার নির্দেশ দিয়েছেন হাইকোর্ট। গতকাল ৬ মার্চ সোমবার এক আবেদনের শুনানি নিয়ে বিচারপতি সৈয়দ রেফাত আহমেদ ও বিচারপতি মো. সেলিমের বেঞ্চ এই আদেশ দেন। হাজারীবাগে ১৫৪টি ট্যানারি রয়েছে। যেগুলো সাভারের চামড়া শিল্পনগরীতে সরিয়ে নিতে নির্দেশ দেওয়া হয়েছিল হাইকোর্টের এক রায়ে। সূত্র-**সংবাদ** (পৃ.১,ক.৪), **ভোরের কাগজ** (পৃ.১,ক.২), **বাংলাদেশ টুডে** (পৃ.১,ক.৬), **ইন্ডিপেনডেন্ট** (পৃ.২,ক.৮)।

৮। **বালুর মূল্য প্রতি ঘনফুট ১ টাকা : সিঙ্গাপুর ও মালদ্বীপে রপ্তানি**

সিঙ্গাপুর ও মালদ্বীপে বালু রপ্তানির জন্য উত্তোলিত বালু প্রতি ঘনফুট মূল্য ১ টাকা নির্ধারণ করা হয়েছে। গতকাল ৬ মার্চ সোমবার ভূমি মন্ত্রণালয়ের সভাকক্ষে জাতীয় বালু মহাল ব্যবস্থাপনা কমিটির সভায় এ সিদ্ধান্ত হয়। ভূমিমন্ত্রী শামসুর রহমান শরীফের সভাপতিত্বে এ সভা অনুষ্ঠিত হয়। সূত্র-**সংবাদ** (শেষ পৃ.,ক.১)।

৯। **বস্ত্র খাতে বাংলাদেশের অভিজ্ঞতা পেতে চায় কেনিয়া**

বিশ্বে তৈরি পোশাক রপ্তানিতে বাংলাদেশ দ্বিতীয়। এ খাতে বাংলাদেশের সাফল্য থেকে অভিজ্ঞতা পেতে চায় কেনিয়া। গত ৫ মার্চ রোববার ফেডারেশন ভবনে ফেডারেশন অব বাংলাদেশ চেম্বার অব কমার্স এন্ড ইন্ডাস্ট্রির (এফবিসিসিআই) সঙ্গে কেনিয়ার সফররত সরকারি কর্মকর্তাদের একটি দলের প্রধান জুলিয়াস কুরির এ প্রত্যাশা ব্যক্ত করেন। সূত্র-**ইত্তেফাক** (পৃ.১৮,ক.৫)।

১০। **মোবাইল ব্যাংকিং সেবার চার্জ কমাতে হবে : বাংলাদেশ ব্যাংক পরিচালক**

দেশের মোবাইল ব্যাংকিং সেবার চার্জ বেশি বলে মনে করছে বাংলাদেশ ব্যাংক। আর এ কারণেই সেবা চার্জ কমাতে চায় ব্যাংকিং খাতের এই নিয়ন্ত্রক প্রতিষ্ঠানটি। এ লক্ষ্যে ইতোমধ্যে উদ্যোগ নেয়া হয়েছে বলে জানিয়েছেন কেন্দ্রীয় ব্যাংকের মুখপাত্র ও নির্বাহী পরিচালক শুভঙ্কক সাহা। গতকাল ৬ ফেব্রুয়ারি সোমবার কেন্দ্রীয় ব্যাংকের জাহাঙ্গীর আলম কনফারেন্স হলে এক সংবাদ সম্মেলনে তিনি একথা জানান। সূত্র-**ভোরের কাগজ** (শেষ পৃ.,ক.৫), **যুগান্তর** (শেষ পৃ.,ক.২)।

১১। **টাইগারদের আজ লঙ্কা মিশন শুরু**

সফরের প্রথম টেস্টে আজ গল ইন্টান্যাশনাল স্টেডিয়ামে শ্রীলঙ্কার বিপক্ষে বাংলাদেশ ক্রিকেট দল মাঠে নামছে। সূত্র-**ভোরের কাগজ** (পৃ.১,ক.৬), **জনকণ্ঠ** (পৃ.১,ক.৭), **ইন্ডিপেনডেন্ট** (পৃ.১,ক.৫), **নিউ নেশন** (পৃ.১,ক.৪)।

**সম্পাদকীয়**

ক. **ইত্তেফাক, জনকণ্ঠ :** একাত্তরের সাতই মার্চের ভাষণের গুরুত্ব চির অম্লান বলে উল্লেখ করে এই ভাষণ মুক্তিযুদ্ধে যেমন প্রেরণা যুগিয়েছে তেমনি ভবিষ্যতেও প্রেরণার অবিনাশী উৎস হয়ে থাকবে বলে অভিমত।

খ. **সংবাদ, প্রথম আলো :** নতুন দুটি বেসরকারি ব্যাংক অনুমোদনের ক্ষেত্রে গ্রহণযোগ্য স্বচ্ছতার নীতি অনুসরণ করে সঠিক সিদ্ধান্ত নেওয়ার পাশাপাশি ব্যাংকিং বিশৃঙ্খলা আর না বাড়ার প্রত্যাশা।

গ. **জনকণ্ঠ :** ঢাকা-লন্ডন কার্গো ফ্লাইট চলাচলে সাময়িক নিষেধাজ্ঞা প্রত্যাহারে যুক্তরাজ্যের প্রতি বাংলাদেশের প্রধানমন্ত্রীর আহ্বানকে তাৎপর্যপূর্ণ বলে মন্তব্য করে কার্গোবিমানের সাময়িক নিষেধাজ্ঞা প্রত্যাহার করাই হবে যুক্তিসংগত ও সময়োচিত পদক্ষেপ বলে অভিমত।

ঘ. **প্রথম আলো :** ঢাকার রেললাইনের দুই পাশের বস্তি-বাজার সরিয়ে নিতে এমন বাস্তবসম্মত পরিকল্পনা নিতে হবে যাতে রেললাইনের দুই পাশের অবৈধ স্থাপনা উচ্ছেদের পর সব সময় তা দখল মুক্ত রাখা যায় বলে প্রত্যাশা।

ঙ. **সমকাল, ডেইলি সান, নিউ নেশন :** ইন্টার্ন ডাক্তারদের কর্মবিরতির মত আচরণ চিকিৎসা পেশায় নিয়োজিতদের জন্য অগ্রহণযোগ্য বলে মন্তব্য করে তাদের কাছে পেশাগত দায়িত্বশীলতার প্রত্যাশা ব্যক্ত।

চ. **যুগান্তর :** বাংলাদেশ মেডিকেল স্টাডিজ অ্যান্ড রিসার্চ ইনস্টিটিউটটের অধীনের সব প্রতিষ্ঠানের দুর্নীতির বিষয় তুলে ধরে স্বাস্থ্য খাতের সেবার সঙ্গে যুক্ত সব প্রতিষ্ঠানের দুর্নীতি ও অনিয়ম দূর করতে কর্তৃপক্ষকে জরুরি পদক্ষেপ নেওয়ার সুপারিশ।

ছ. **ইন্ডিপেনডেন্ট :** বেসরকারি বিশ্ববিদ্যালয়ে দক্ষ ও অভিজ্ঞ শিক্ষকের স্বল্পতা থাকায় এসব বিশ্ববিদ্যালয়ের শিক্ষা মানসম্মত না হওয়ায় এ বিষয়ে ইউজিসিকে যথাযথ ব্যবস্থা গ্রহণের আহ্বান।

**জ.** **ডেইলি স্টার :** বিগত দুই বছর ধরে ঝালকাঠির একটি প্রাথমিক বিদ্যালয়ে বারান্দায় পাঠদান করার ঘটনা তুলে ধরে জরুরি ভিত্তিতে কর্তৃপক্ষকে সমস্যা সমাধানে ব্যবস্থা নেওয়ার সুপারিশ।

**ঝ.** **নিউজ টুডে :** জনস্বার্থে খাদ্যে ভেজাল প্রতিরোধে সরকারকে জনসচেতনতা বাড়ানোসহ উৎপাদক ও বিক্রেতাদের যথাযথ গাইড লাইন প্রদান ও তা মেনে চলতে বাধ্য করার আহ্বান জানিয়ে সম্পাদকীয় প্রকাশ করেছে।

## উপ-সম্পাদকীয়

**প্রথম আলো** পত্রিকায় প্রকাশিত কলামে ৭ মার্চের বার্তা হলো অধিকার ও গণতান্ত্রিক মূল্যবোধ প্রতিষ্ঠা এবং ৭ মার্চের শিক্ষা হলো অন্যায়ের বিরুদ্ধে শুধু প্রতিবাদ নয়, প্রতিরোধ ও বিদ্রোহ ন্যায়সংগত বলে উল্লেখ করা হয়েছে।

## নিবন্ধ ও ফিচার

**ইত্তেফাক** পত্রিকায় প্রকাশিত **'সৃজনশীলতা উন্নয়নের অন্যতম চাবিকাঠি'** শিরোনামের নিবন্ধে ড. ফোরকান উদ্দিন আহাম্মদ শিক্ষা ক্ষেত্রে শতভাগ পাসের মাধ্যমে যে সফলতা এসেছে তাতে কোথাও যেন একটি গড়বড় লক্ষ করা যায়। সেজন্য শিক্ষার এই গড়বড় থেকে উত্তরণ অত্যন্ত জরুরি হয়ে পড়েছে বলে অভিমত প্রকাশ করেছেন।

#

সাহেলা/মরজিনা/রশীদ/তানিয়া/২০১৭/৯.০০ ঘণ্টা